# চার দিনের রিমান্ডে এমপি গাজী নজরুল, প্রথম স্ত্রীর একদিন



সংগৃহীত ছবি

দ্বিতীয় স্ত্রী মরিয়ম খাতুনকে (১৯) আত্মহত্যায় প্ররোচনার মামলায় সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামের চার দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। একই মামলায় তার প্রথম স্ত্রী মাকছুদা বেগমকে এক দিনের রিমান্ডে নেওয়ার অনুমতি দেওয়া হয়েছে।

সোমবার (২১ সেপ্টেম্বর) শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এহসানুল ইসলাম এ আদেশ দেন। এর আগে মামলার তদন্ত কর্মকর্তা শেরেবাংলা নগর থানার উপপরিদর্শক (এসআই) শামসুজ্জোহা সরকার গাজী নজরুল ও মাকছুদার সাত দিন করে রিমান্ড চেয়ে আবেদন করেন।

দুপুর ২টার পর পুলিশের একটি গাড়িতে করে গাজী নজরুল ও মাকছুদাকে আদালতের হাজতখানায় নেওয়া হয়। পরে তাদের আদালতে হাজির করা হয়।

মরিয়মের মৃত্যুর ঘটনায় রোববার গভীর রাতে শেরেবাংলা নগর থানায় মামলা করেন তার বাবা মাছুম বিল্লাহ। মামলায় সংসদ সদস্য গাজী নজরুল ইসলাম, তার প্রথম স্ত্রী মাকছুদা বেগম এবং মরিয়মের মামা ওবায়দুর রহমানকে আসামি করা হয়েছে।

LENS ASIA

পুলিশের তথ্য অনুযায়ী, রোববার সন্ধ্যা ৭টার দিকে ন্যাম ভবনে মরিয়মের মৃত্যুর খবর পেয়ে শেরেবাংলা নগর থানা পুলিশের সদস্যরা সেখানে যান। রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউসংলগ্ন সংসদ সদস্যদের আবাসিক ভবনের ৫ নম্বর ভবনের ২০৩ নম্বর ফ্ল্যাটে ঘটনাটি ঘটে।

পরে রাত ১০টার দিকে ফ্ল্যাটের একটি কক্ষের দরজা ভেঙে মরিয়মের মরদেহ উদ্ধার করা হয়। এরপর ময়নাতদন্তের জন্য মরদেহ শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজের মর্গে পাঠানো হয়।